# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: | ১ | ০ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে দু'টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো একটি উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ —— গদ্য

১. ▶ আজকাল শিক্ষিত ছেলেমেয়েদের মাঝে পরনির্ভরশীলতা বেড়েছে। চাকরি লাভের ক্ষেত্রে তারা নিজেকে উপযুক্ত করে গড়ে তোলাকে গুরুত্ব না দিয়ে ক্ষমতাবান মামা-চাচা বা অন্য আত্মীয়দের দিকে তাকিয়ে থাকে। ফলে ধীরে ধীরে তাদের শিক্ষার সাথে দূরত্ব বেড়ে যায়। এক সময় তারা আত্মবিশ্বাস হারিয়ে ফেলে এবং তাদের মধ্যে জন্ম নেয় এক ধরনের হীনম্মন্যতা।

ক. কখন নিজের সত্যকে অস্বীকার করে ফেলা হয়? ১

খ. ভুলের মধ্য দিয়ে গিয়ে কীভাবে সত্যকে পাওয়া যায়? ২

গ. উদ্দীপকে 'পরনির্ভরশীলতা' কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধের 'পরাবলম্বন'কে কতটুকু প্রতিফলিত করে? বুঝিয়ে দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত 'হীনম্মন্যতা' দূর করার জন্য প্রয়োজন 'স্বাবলম্বন' অর্থাৎ আত্মনির্ভরতা— তোমার মতামত দাও। ৪

২. ▶ ভারতীয় উপমহাদেশের প্রখ্যাত সঙ্গীত শিল্পী মান্না দে। তিনি জীবনের শেষ দিন পর্যন্ত সঙ্গীত সাধনাকে আপন করে রেখেছিলেন। দীর্ঘ সঙ্গীত জীবনে তিনি উচ্চাঙ্গ সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীতসহ হিন্দি, উর্দু, মারাঠি, পাঞ্জাবি, গুজরাটি, তামিল ভাষায় গান গেয়ে তার শিল্পী জীবনকে করেছেন সফল পরিপূর্ণ উৎকর্ষমণ্ডিত। আধুনিক বাংলা গানে তিনি প্রবাদ প্রতীম। গানের অসাধারণ সুর-বাণী কার কণ্ঠ মাধুর্য দিয়ে তিনি জয় করেছেন উপমহাদেশের কোটি কোটি মানুষের মন।

ক. নদীর সাগরে পতিত হওয়ার ঘটনাকে লেখক কী বলেছেন? ১

খ. বৃক্ষের গান অনুভূতির কান দিয়ে শুনতে হয় কেন? ২

গ. মান্না দের সাথে মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বৃক্ষের সাথে তুলনা করা যায় কি? আলোচনা কর। ৩

ঘ. 'সাধনার ব্যাপারে প্রাপ্তি একটা বড় জিনিস'— উক্তিটি উদ্দীপক ও 'জীবন ও বৃক্ষ' অনুসরণে বিশ্লেষণ কর। ৪

৩. ▶ দক্ষিণ আফ্রিকার অবিসংবাদী নেতা নেলসন ম্যান্ডেলা—এক নির্ভীক সাহসী মানবদরদীর নাম। বর্ণবাদের বিরুদ্ধে কথা বলতে গিয়ে তাকে দীর্ঘ সাতাশ বছর কারাভোগ করতে হয়েছে। তিনি সীমাহীন নির্যাতন নিপীড়ন সহ্য করেছেন কিন্তু অন্যায়ের কাছে কখনও মাথা নত করেননি। এক সময় তার আদর্শে অনুপ্রাণিত এ সমর্থিত মানুষের সংখ্যা বেড়ে যায়। তিনি মুক্তি লাভ করেন। অবসান ঘটে বর্ণবাদের, জয় হয় মানবতার।

ক. ফরিদপুর জেল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কত তারিখে মুক্তি দেওয়া হয়? ১

খ. 'নিজের ছেলেও অনেক দিন না দেখলে ভুলে যায়'— উক্তিটি কেন করা হয়েছে? ২

গ. উদ্দীপকটি শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' রচনার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ. বিষয়বস্তুর মিল থাকলেও 'বায়ান্নর দিনগুলো' রচনায় প্রতিটি ঘটনা প্রতিটি মুহূর্ত জীবন ঘনিষ্ঠতায় যতখানি গভীর ও স্পর্শকাতরভাবে ফুটে উঠেছে উদ্দীপকে তা অনুপস্থিত— তুমি কি এই বক্তব্যের সাথে একমত পোষণ কর? মতামত দাও। ৪

http://teachingbd.com

৪. ▶ মহাকবি হোমারের মহাকাব্য 'ইলিয়াড'। মহাবীর মহানায়ক বীর হেক্টর। সত্যনিষ্ঠ, কর্তব্যনিষ্ঠ, স্বাজাত্যবোধ, দেশপ্রেম তার চরিত্রের অনন্য সাধারণ বৈশিষ্ট্য। ট্রয় যুদ্ধে তিনি অসীম সাহস আর বীরত্বের পরিচয় দিয়েছেন। মাতৃভূমিকে রক্ষার জন্য তিনি নিজের প্রাণ বিসর্জন দিয়েছেন।

ক. রাবণের মাতার নাম কী? ১

খ. 'স্থাপিলা বিধুরে বিধি স্থানুর ললাটে;
পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি
ধূলায়?' — ব্যাখ্যা কর। ২

গ. মহাবীর হেক্টর চরিত্রের কোন বৈশিষ্ট্যগুলো মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মেঘনাদ চরিত্রের মধ্যে দেখা যায়? আলোচনা কর। ৩

ঘ. 'স্বাজাত্যবোধ ও দেশপ্রেম প্রকৃত বীরের স্বভাবধর্ম'— উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতা অনুসরণে বিশ্লেষণ কর। ৪

৫. ▶ ধ্বংস দেখে ভয় কেন তোর? প্রলয় নূতন সৃজন-বেদন
আসছে নবীন—জীবনহারা অসুন্দর করতে ছেদন!
প্রলয় বয়েও আসছে হেসে—
মধুর হেসে—
ভেঙে আবার গড়তে জানে সে চির সুন্দর
তোরা সব জয়ধ্বনি কর।

ক. কবি সুকান্ত ভট্টাচার্যের বিখ্যাত কাব্যের নাম কী? ১

খ. 'এ বয়স জানে রক্তদানের পূর্ণ'— তাৎপর্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নবীনদের যে বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে তার সাথে কবি সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতার 'আঠারো বছরের' সাদৃশ্য কোথায়? উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার মূলভাব তারুণ্যের জয়গান— মূল্যায়ন কর। ৪

৬. ▶ তেরোশত নদী শুধায় আমাকে কোথা থেকে তুমি এলে?
আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে।
আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে।
এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে।
এসেছি বাঙালি রাষ্ট্রভাষার লাল রাজপথ থেকে।
এসেছি বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর থেকে।

ক. জননীর আশীর্বাদ কাকে দীর্ঘায়ু করবে? ১

খ. 'তার পীঠে রক্তজবার মতো ক্ষত ছিল'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক ও আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় প্রতিফলিত মুক্তিযুদ্ধের স্বরূপ বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় উচ্চারিত হয়েছে ঐতিহ্য সচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীন মুক্তির ঘোষণা—মূল্যায়ন কর। ৪

teachingbd.com

## গ অংশ — সহপাঠ

৭. ▶ রাঘুনাথপুর গ্রামের জামে মসজিদের ইমাম ইসমাইল হোসেন। তিনি শুধু মসজিদে ইমামতি করেন না তার অন্যতম কাজ মানুষের মধ্যে ইসলাম ধর্মের মর্মবাণী প্রচার করা, সবার মধ্যে সম্প্রীতি গড়ে তোলা, অমুসলিম সম্প্রদায়ের প্রতি ভ্রাতৃত্বের আহ্বান জানানো। তিনি সবাইকে কোরান শেখার কথা বলেন। ছেলে-মেয়েদের স্কুল কলেজে পাঠানোর কথা বলেন।

ক. তাহের কাদেরের ছোট ভাইয়ের নাম কী? ১

খ. 'যেখানে সাপ জাগে সেখানে আবার কোমলতার ফুল ফোটে'— কী কারণে এ উক্তি করা হয়েছে? বুঝিয়ে দাও। ২

গ. ইসমাইল হোসেনের সাথে সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের আদর্শগত পার্থক্য নির্ণয় কর। ৩

ঘ. 'ধর্মান্ধতার কুপ্রভাব মহব্বতনগর গ্রামের মানুষকে স্পর্শ করেছে, রঘুনাথপুর গ্রামের মানুষ এই কুপ্রভাবের বাইরে'— মূল্যায়ন কর। ৪

৮. ▶ দীর্ঘ বারো বছরের বিবাহিত জীবন দিলারার। কোল শূন্য। ডাক্তার, কবিরাজ সব দেখানো শেষ। তবু মন মানে না দিলারার। স্বামীকে বলে তারাকান্দা পির সাহেবের কাছে নিয়ে যেতে। সবাই বলে তার অলৌকিক ক্ষমতা আছে। মৃতপ্রায় মানুষকে এক ফুঁ দিয়ে সুস্থ করে তুলেছেন এমন দৃষ্টান্ত আছে।

ক. মজিদের মূল শক্তি কী? ১

খ. 'যেন বিশাল সূর্যোদয় হয়েছে, আর সে আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে।'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে তারাকান্দার পির 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধি? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের সমগ্রতা প্রকাশে কতটুকু সফল? আলোচনা কর। ৪

৯. ▶ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ। সাহসী বীর বাঙালি দেশমাতাকে রক্ষার জন্য প্রাণপণ যুদ্ধ করে। তাদের বিজয়ে বাধা হয়ে দাঁড়ায় রাজাকার, আল-বদর, আল শামস বাহিনী। এ দেশের মাটিতে বড় হয়ে এ দেশের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয় এই ঘৃণ মানুষেরা। এদের অনেকেই দেশ রক্ষার শপথ নিয়েও দেশ ধ্বংসের ষড়যন্ত্রে অংশ নেয়।

ক. নবাব সিরাজউদ্দৌলা মসনদে বসার পর কারা নজরানা পাঠায়নি? ১

খ. 'আপনাদের স্বার্থ রক্ষা করুন। কিন্তু দেশের শাসন ক্ষমতায় আপনারা হাত দেবেন এ তো ভালো কথা নয়— উক্তিটি কার? এ উক্তি করার কারণ কী? ২

গ. উদ্দীপকে বিশ্বাসঘাতক রাজাকার, আল-বদর ও আল-শামস বাহিনী সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকে কাদের প্রতিনিধিত্ব করে? সাদৃশ্য নিরূপণ কর। ৩

ঘ. 'ঘরের গোপন শত্রু বাইরের প্রকাশ্য শত্রুকে মোকাবিলায় বাধা সৃষ্টি করে, তাই কখনও পরিণামে নেমে আসে অনাকাঙ্ক্ষিত পরাজয়'— নাটক অনুসরণে সত্যতা যাচাই কর। ৪

http://teachingbd.com

## বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৪০ মিনিট　　　পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'নেকলেস' গল্পে লোইসেলের নখের রঙ কী রকম ছিল?
(ক) লাল　(খ) গোলাপী
(গ) খয়েরি　(ঘ) কমলা

২. জাদুঘর কী ধরনের প্রতিষ্ঠান?
(ক) সর্বজনীন　(খ) পারিবারিক
(গ) গোষ্ঠীগত　(ঘ) ব্যক্তিকেন্দ্রিক

৩. লাঙ্গুল বলতে বোঝায়—
(ক) লাঙল　(খ) লোম
(গ) লেজ　(ঘ) মাথা

৪. অনুপমের মামা তার চেয়ে কত বছরের বড়?
(ক) ৪　(খ) ৫
(গ) ৬　(ঘ) ৯

৫. ইউরোপের মহাযুদ্ধ বলতে কোন যুদ্ধকে বোঝানো হয়েছে?
(ক) প্রথম বিশ্বযুদ্ধ　(খ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(গ) ফকল্যান্ড যুদ্ধ　(ঘ) পাকিস্তান-ভারত যুদ্ধ

৬. 'আহ্বান' গল্পের অন্যতম উপজীব্য—
i. দারিদ্রপীড়িত মানুষ
ii. প্রকৃতি চেতনা
iii. গ্রামীণ সহজ-সরল মানুষের জীবনধারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

নিচের কবিতাংশটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
কেউ মালা, কেউ তসবি গলায়
তাইতে কী জাত ভিন্ন বলায়
যাওয়া কিংবা আসার বেলায়,
জেতের চিহ্ন রয় কার রে।

৭. উদ্দীপকের ভাববস্তুতে 'আমার পথ' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে—
i. হিন্দু-মুসলমান দ্বন্দ্ব　ii. মানব ধর্মে বিশ্বাস
iii. অসাম্প্রদায়িক চেতনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

৮. বিষয়বস্তুর বিবেচনায় উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন চরণটি তুলনীয়?
(ক) মানবধর্মই সবচেয়ে বড় ধর্ম
(খ) আমি আমার কর্ণধার
(গ) আমার পথ দেখাবে আমার সত্য
(ঘ) সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না

৯. 'মনুষ্যত্ব' বলতে বুঝায়—
(ক) মানুষের মন　(খ) মানুষের বিবেক
(গ) মানুষের বুদ্ধি　(ঘ) মানবোচিত গুণাবলি

১০. 'মাসি-পিসি' গল্পের একটি অন্যতম দিক কী?
(ক) সমাজ শোষণ　(খ) নারী নির্যাতন
(গ) নারীর ব্যক্তিত্ব　(ঘ) স্বাধীনচেতা মানুষ

নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

১১. উদ্দীপকটি তোমার পঠিত কোন রচনার সাথে অধিকতর সজাতিপূর্ণ?
(ক) অপরিচিতা　(খ) আমার পথ
(গ) বায়ান্নর দিনগুলি　(ঘ) রেইনকোট

১২. সজাতির বিষয়টি যে দৃষ্টিকোণ থেকে বিবেচ্য—
(ক) ভ্রাতৃপ্রীতি　(খ) দেশপ্রেম
(গ) প্রতিবাদী চেতনা
(ঘ) আত্মোৎসর্গকারীদের চেতনা

১৩. 'রেইনকোট' গল্পে মিন্টু মগবাজারের দুই কামরার ফ্ল্যাট থেকে কত তারিখে চলে যায়?
(ক) ২৩ জুন　(খ) ২৪ জুন
(গ) ২৫ জুন　(ঘ) ২৬ জুন

১৪. 'রেইনকোট' বর্তমানে বাংলাদেশের—
(ক) প্রতিবিম্ব　(খ) প্রতিচ্ছবি
(গ) চেতনা　(ঘ) রক্ষণশীলতা

১৫. 'মহাজাগতিক কিউরেটর' প্রবন্ধে কয়টি প্রাণীর কথা উল্লেখ রয়েছে?
(ক) ১০　(খ) ১২
(গ) ৯　(ঘ) ১১

১৬. 'জন্মদিন' কাব্যগ্রন্থটি কোন সালে প্রকাশিত হয়?
(ক) ১৩৪৭ বঙ্গাব্দ　(খ) ১৩৪৮ বঙ্গাব্দ
(গ) ১৩৫৭ বঙ্গাব্দ　(ঘ) ১৩৪৬ বঙ্গাব্দ

নিচের কবিতাংশটি পড় ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
যে সব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।

১৭. উদ্দীপকের কবিতাংশের ভাবার্থের সাথে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশের কোন চরণটি সাদৃশ্যপূর্ণ?
(ক) চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে
(খ) রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী
(গ) গতি যার নীচসহ, নীচ সে দুর্মতি
(ঘ) কোন ধর্ম মতে দাসে, শুনি, জ্ঞাতিত্ব ভ্রাতৃত্ব, জাতি- এসকলে দিলা জলাঞ্জলি?

১৮. যারা দেশ ও জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করে, উদ্দীপক ও কবিতাংশের আলোকে তাদের প্রতি আমাদের মনোভাব হলো—
(ক) মানবিক　(খ) ঘৃণিত
(গ) ক্ষমাতীত　(ঘ) সহানুভূতিশীল

১৯. শাক্যমুনি কোথায় ধ্যান বসেছিলেন?
(ক) বনে　(খ) পাহাড়ের গুহায়
(গ) হৃদয়ে　(ঘ) নিজ ঘরে

Teachingbd.com

২০. 'পথে ফোটে তাজা ফুল'।— চরণটির তাৎপর্য কী?
ⓚ ঈশ্বর থাকেন তীর্থকেন্দ্রে
ⓚ ঈশ্বর থাকেন ধর্মগ্রামে
ⓖ সত্য থাকে মানুষের হৃদয়ে
ⓖ সত্যের সন্ধান ঘটে পথে-প্রান্তরে

২১. বারুণী বলতে বুঝায়—
ⓚ স্বর্গের দেবী ⓚ প্রকৃতির দেবী
ⓖ জলের দেবী ⓖ সৌন্দর্যের দেবী

২২. 'তাহারেই পড়ে মনে' কবিতার অন্যতম বৈশিষ্ট্য হলো—
ⓚ সনেট ⓚ গদ্যধর্মিত
ⓖ নাটকীয়তা ⓖ গল্পধর্মিতা

২৩. 'সেই অস্ত্র' কবিতাটি কোন ছন্দে রচিত?
ⓚ স্বরবৃত্ত ⓚ পয়ার
ⓖ অন্তমিলহীন মাত্রাবৃত্ত ⓖ অন্তমিলিহীন অক্ষরবৃত্ত

২৪. কবি আঠারো বছর বয়সকে আহ্বান জানিয়েছেন কাকে? তারা—
ⓚ দুঃসাহসী
ⓚ গম্ভীর
ⓖ জাতীয় জীবনের চালিকা শক্তি
ⓖ অসহায়

নিচের কবিতাংশটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

মাগো ওরা বলে
সবার কথা কেড়ে নেবে
তোমার কোলে শুয়ে
গল্প শুনতে দেবেনা।

২৫. কবিতাংশটুকু 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন ভাবকে ধারণ করেছে?
ⓚ ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান
ⓚ ১৯৭১ এর মুক্তিযুদ্ধ
ⓖ ১৯৫২ সালের ভাষা আন্দোলন
ⓖ ১৯৭০ সালের নির্বাচন

২৬. উদ্দীপক ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় যে ভাবের প্রকাশ ঘটেছে—
i. স্বদেশপ্রীতি ii. মাতৃভাষা প্রীতি
iii. জীবনপ্রীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী?
ⓚ বিখ্যাত ⓚ সম্মানীয়
ⓖ ধনাঢ্য ⓖ জনশ্রুতি

২৮. রংপুরে নুরুলদীন কত সনে ডাক দিয়েছিল?
ⓚ ১১৮৮ ⓚ ১১৮৯
ⓖ ১১৯০ ⓖ ১১৯১

২৯. লোক-লোকান্তর কবিতায় পরাগ বলতে বোঝায়—
ⓚ ফুলের রেণু ⓚ সুগন্ধী বস্তু
ⓖ কাব্যভাষা ⓖ ফুলের গন্ধ

৩০. কবি দিলওয়ারের পুরো নাম কী?
ⓚ দিলওয়ার ⓚ দিলওয়ার
ⓖ দিলওয়ার খান ⓖ দিলওয়ার জামান

৩১. মজিদের কী খাওয়ার অভ্যাস ছিল?
ⓚ তামাক ⓚ বিড়ি
ⓖ পান ⓖ হুকা

৩২. 'থাক, কইবার দাও। খোদাই তার শাস্তি করবো'— কার উক্তি?
ⓚ তাহেরের ⓚ কাদেরের
ⓖ রতনের ⓖ হাসুনির

৩৩. আমেনা বিবির গায়ে কী রঙের চাদর ছিল?
ⓚ লাল ⓚ নীল
ⓖ কমলা ⓖ হলুদ

৩৪. সালুকাপড়ে আবৃত মাজার থেকে মজিদের শক্তি আসার মধ্যে কী ফুটে ওঠেছে?
ⓚ অলৌকিক শক্তি ⓚ আল্লাহর রহমত
ⓖ ধর্ম ব্যবসা ⓖ খোদাভীতি

৩৫. 'আড়চোখ' শব্দটি 'লালসালু' উপন্যাসে প্রয়োগ হয়েছে যে বাক্যে—
i. মজিদ আড় চোখে একবার তাকায় বউয়ের দিকে
ii. আড় চোখে তাকানো মেয়েটি খুবই সুন্দরী
iii. মজিদ আড়চোখে হাসুনীর মায়ের দিকে তাকিয়েছিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩৬. সিরাজউদ্দৌলা নাটকের অঙ্ক ও দৃশ্যের সংখ্যা
ⓚ ৩ ও ১২ ⓚ ৪ ও ১২
ⓖ ১ ও ১২ ⓖ ৩ ও ১০

৩৭. বদ্রি আলী কার জামাই?
ⓚ মোহনলাল ⓚ মির মর্দান
ⓖ মিরজাফর ⓖ মানিকচাঁদ

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:

কলিমউদ্দীন যুদ্ধের সময় পাকিস্তানের সাথে হাত মিলিয়ে স্বার্থে মোহে এদেশের মানুষকে অমানবিক অত্যাচার নির্যাতন করেছে।

৩৮. উদ্দীপকে 'কলিমউদ্দীনের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য বিদ্যমান?
ⓚ উমিচাঁদ ⓚ রাইসুল জুহালা
ⓖ মিরমর্দান ⓖ মিরজাফর

৩৯. উদ্দীপকের মূলবক্তব্যে প্রকাশিত কলিমউদ্দীনের ভূমিকা 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়কে নির্দেশ করে?
ⓚ দেশপ্রেম ⓚ ক্ষমতা লিপ্সা
ⓖ ধূর্তের ⓖ স্বার্থান্বেষীর

৪০. নবাব সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী?
ⓚ নবাব আলীবর্দী ⓚ ইরিচ খাঁ
ⓖ মোহাম্মদ বেগ ⓖ শওকত জং

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com